

৮ ঘণ্টা ডিউটি চায় প্রাথমিকের নৈশপ্রহরীরা

নিজস্ব বার্তা পরিবেশক

চাকরি জাতীয়করণ, শ্রেণির আওতায় বেতন ডাভা প্রদান এবং নৈমিত্তিক ছুটিসহ ২৪ ঘণ্টা ডিউটির পরিবর্তে ৮ ঘণ্টা ডিউটির দাবি জানিয়ে ৩ দফা বাস্তবায়ন চায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দণ্ডরি কাম নৈশপ্রহরীরা। গতকাল বাংলাদেশ ফ্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনে এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় দণ্ডরি কাম প্রহরী কল্যাণ সমিতি এ দাবি করেন।

সমিতির সিনিয়র সহ-সভাপতি মো. নাছির উদ্দিন লিখিত বক্তব্যে বলেন, দেশের ৩৭ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োজিত দণ্ডরি কাম নৈশপ্রহরীরা ব্যাপক মানবেত্তর জীবন যাপন করছে। তোর থেকে শুরু করে রাত পর্যন্ত স্কুলের পরিষ্কার-পরিচ্ছন্নতা থেকে শুরু করে সব ধরনের কাজ করতে হয়। স্কুল চলাকালীন দায়িত্ব পালনের পরও স্কুল ছুটি হয়ে গেছে সারারাত সজাগ থেকে স্কুল পাহারাও দিতে হয়।